

Module 4

একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন: প্রচারাভিযানের নকশা + পরিকল্পনার সাথে বিশ্লেষণের সমন্বয় ঘটানো

snapshot

একটি দলকে তাদের স্বার্থের উর্ধ্বে গিয়ে বৃহত্তর প্রেক্ষাপটকে বুঝতে এবং একটি প্রচারাভিযানকে সামনে এগিয়ে নিয়ে যাবার জন্য এই বৃহত্তর প্রেক্ষাপটকে প্রয়োজনীয় বাস্তব পদক্ষেপের সাথে সংযুক্ত করতে সাহায্য করার জন্য বিভিন্ন কাজের মাধ্যমে এই অধ্যায় কৌশলগত মূল্যায়ন থেকে বাস্তবায়ন পর্যন্ত পথ তৈরি করবে।

Introduction

মডিউল-৩ এর কৌশলগত মূল্যায়নের মাধ্যমে নিজেদের অবস্থা/অবস্থান সম্পর্কে তথ্য একত্রিত করার প্রক্রিয়া (মূল্যায়ন) দ্বারা বেশিরভাগ দল ভীষণভাবে উপকৃত হয়ে থাকে। এসব অনুশীলনের ফলাফলের সদ্ব্যবহার করে, যা থেকে সুস্পষ্ট, অর্জনযোগ্য এবং কৌশলগত প্রচারাভিযান পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব, আরো একটি প্রস্থ সরঞ্জাম/কৌশল এই মডিউলে উপস্থাপন করা হয়েছে।

এটি পরিকল্পনার একটি কঠিন, কিন্তু জরুরী অংশও। অনেক দল এই কাজটি ভালোভাবে করতে পারে না; তারা হয়তো একটি মূল্যায়ন পরিচালনা করে, কিন্তু তারা এখান থেকে অর্জিত শিক্ষা বিভিন্ন প্রেক্ষাপট উন্নয়নসহ তাদের প্রচারাভিযান পরিকল্পনার সাথে সমন্বয়ের জন্য দরকারি সময় বিনিয়োগ করে না। ঠিক এই জায়গাতেই এসডব্লিউওটি (শক্তি/দুর্বলতা/সুযোগ/হুমকি) এবং পরিবর্তন তত্ত্বের মতো অনুশীলনগুলো এত কার্যকরী হিসেবে প্রমাণিত হতে পারে। এটি আপনাকে এমন একটি অবকাঠামো সরবরাহ করে, যার সাহায্যে আপনি বুঝতে পারবেন যে আপনার কাজ বা পদক্ষেপগুলো আপনার লক্ষ্যে কতটা বেশি বা কম পৌঁছাতে পারে। এটি হল প্রচারাভিযান পরিকল্পনার সেই জটিল পর্যায় যা আপনাকে প্রকৃতপক্ষে আপনার লক্ষ্য অর্জনের কাছাকাছি নিয়ে যায়।

দলে যদি সঠিক ব্যক্তিটি থাকে, তবে একটি কার্যকরী প্রক্রিয়া পরিচালনায় তা কাজে লাগে- যেমন এমন সব লোক, যাদের মূল্যায়নের ফলাফল জানার ক্ষমতা থাকে, এবং যারা প্রভাবিত দল, কমিউনিটি, সংস্কৃতি এবং রাজনৈতিক পরিস্থিতির প্রতিনিধিত্ব করে বা এসব বিষয়ে ভালো জ্ঞান রাখে।

key concepts

প্রচারাভিযান পরিচালনা: একটি পরিমাপযোগ্য রাজনৈতিক বা সামাজিক পরিবর্তন অর্জনের জন্য জনগণের ক্ষমতাকে একটি সাধারণ ও শক্তিশালী দাবিকে ঘিরে সম্বন্ধ করা, একত্রিত করে সক্রিয় করা এবং যোগাযোগ স্থাপনের মাধ্যমে কাজে লাগানো।

কৌশলগত পরিকল্পনা: আপনার লক্ষ্য অর্জনের জন্য বা একজন সিদ্ধান্ত প্রণয়নকারীকে আপনার দাবি মানতে সম্মত করার জন্য যথেষ্ট ক্ষমতা তৈরি করার পরিকল্পনা উন্নয়নের প্রক্রিয়া।

further information

- এসডব্লিউওটি (SWOT) এবং প্রচারাভিযান পরিকল্পনার উপরে আরও বিস্তারিত উপকরণের জন্য ইভান মারোভিচের [The Path of Most Resistance: A Step-by-Step Guide to Planning Nonviolent Campaigns](#) দেখুন।
- মডিউলের বিষয়বস্তু আরও ভালোভাবে বুঝতে এবং জানতে [the “Strategy” chapter of the Activist Handbook](#) অথবা [Beautiful Trouble](#)—এর পদ্ধতিসমূহ সম্পর্কিত অংশগুলো ভিজিট করুন।
- এসডব্লিউওটি (SWOT) এবং এসএমএআরটি-এর (SMART) লক্ষ্য ব্যবহার করে কৌশলগত পরিকল্পনা তৈরির ব্যাপারে আরও জানতে চাইলে [Synergizing for Nonviolent Action and Peace building \(SNAP\)](#) কার্যনির্দেশিকার ষষ্ঠ অধ্যায় দেখুন।
 - ইংলিশ: [SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding](#)
 - আরবি: [SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding](#)
 - স্প্যানিশ: [SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding](#)
 - দারি: [SNAP Guidebook Dari.pdf](#)
 - পশতু: [SNAP Guidebook Pashto.pdf](#)

training activities list

অনুশীলন	থণ্ডচিত্র	সময়	প্রয়োজনীয় কর্মশক্তির স্তর
আদর্শ কমিউনিটি	এই অনুশীলনটি গণক্ষমতার একটি পারস্পরিক শারীরিক অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দেয় এবং অহিংস আন্দোলন এবং দ্বন্দ্ব রূপান্তর সম্পর্কে	৪০-৬০ মিনিট	উচ্চ

(Ideal community)	আলোচনার জন্য একটি অবকাঠামো সরবরাহ করে।		
এসডব্লিউওটি (SWOT)	আরও ভালোভাবে জানতে প্রচারাভিযানের সম্ভাবনাময় প্রেক্ষাপট চিহ্নিত করার জন্য যেসব অভ্যন্তরীণ ও বাহ্যিক প্রভাবকসমূহ অধ্যয়নের জন্য নির্দেশিত।	৩০-৪০ মিনিট	মধ্যম
প্রচারাভিযান পথ বা প্রবাহচিত্র (Campaign path flow chart)	এই অনুশীলনটি আপনার লক্ষ্যে পৌঁছানোর জন্য নির্দিষ্ট ও সুস্পষ্ট নির্দেশনা সম্বলিত অভ্যন্তরীণ ও বাহ্যিক পথের মানচিত্রের চার্ট উপস্থাপন করে।	১০ মিনিট	নিম্ন-মধ্যম
পরিবর্তন তত্ত্ব (Theory of change)	লক্ষ্য অর্জনের জন্য যেসব শর্তকে অবশ্যই সঠিক জায়গায় থাকতে হবে (এবং কেন), সেগুলো চিহ্নিত করার জন্য দীর্ঘমেয়াদী লক্ষ্য থেকে উল্টোপথে কাজ করে একটি প্রচারাভিযানের শক্ত একটি ভিত্তি স্থাপন করা	৪০-৪৫ মিনিট	নিম্ন
স্মার্ট উদ্দেশ্যসমূহ (SMART)	শক্তিশালী প্রচারাভিযান একসারি স্বল্পমেয়াদী ও মধ্যমেয়াদী এসএমএআরটি উদ্দেশ্যের উপর ভিত্তি করে তৈরি হয়, যেগুলো একটি অধিকতর উচ্চাকাঙ্ক্ষী প্রচারাভিযান লক্ষ্যের পথে মধ্যস্থতাকারী পদক্ষেপ হিসেবে কাজ করে।	৩০-৫০ মিনিট	নিম্ন